একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত হবে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

## অফিস আদেশ

স্মারক নং- ৫১.০১.০০০০.০২২.০৫.০৪৩.১৮-০৩ তারিখ : ০২-০৩-২০২৩ খ্রি.।

২০২২-২৩ অর্থ বছরে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের আওতায় বাস্তবায়িত/বাস্তবায়নাধীন গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা), গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-নগদ টাকা) ও ইজিপিপি কর্মসূচির প্রকল্পসমূহ এবং বাস্তবায়িত/বাস্তবায়নাধীন ১০টি উন্নয়ন প্রকল্পের কাজ পরিবীক্ষণ ও পরিদর্শনের নিমিত্তে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের নিম্নোক্ত কর্মকর্তাগণকে তাঁদের নামের পাশে বর্ণিত জেলাসমূহের দায়িত্ব প্রদান করা হলোঃ

| ক্রমিক | কর্মকর্তাদের নাম ও পদবী (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) | দায়িত্বপ্রাপ্ত জেলার নাম |
|---|---|---|
| ০১. | জনাব মোঃ শাহাবুদ্দিন (উপসচিব), উপপরিচালক (মূওপ-১) | ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর, |
| ০২. | জনাব কাজী মোঃ বদরুজ্জামান (উপসচিব), উপপরিচালক (গবেষণা ) | মুন্সিগঞ্জ, নরসিংদী, কিশোরগঞ্জ, টাংগাইল |
| ০৩. | জনাব মোহাম্মদ শফিউর রহমান (উপসচিব), উপপরিচালক (প্রশাসন-২) | রংপুর, গাইবান্ধা, লালমনিরহাট, বগুড়া |
| ০৪. | জনাব ঝরনা বেগম (উপসচিব), উপপরিচালক (কাবিখা-১) | নওগাঁ, রাজশাহী, জয়পুরহাট, চাঁপাইনবাবগঞ্জ |
| ০৫. | জনাব এস এম সোহরাব হোসেন (সিনিয়র সহকারী সচিব), উপপরিচালক (ত্রাণ-১) | পিরোজপুর, বরগুনা, ঠাকুরগাঁও, পঞ্চগড় |
| ০৬. | জনাব প্রবীর কুমার দাস, প্রোগ্রামার | কক্সবাজার, শরিয়তপুর, বরিশাল, ঝালকাঠি, পটুয়াখালী |
| ০৭. | জনাব সৈয়দ আশরাফ উল ইসলাম, কমিউনিকেশন মিডিয়া স্পেশালিস্ট | চট্টগ্রাম, রাংগামাটি, ফেনী, কুমিল্লা |
| ০৮. | জনাব মোঃ মানসুরুল হক, প্রোগ্রামার (চলতি দায়িত্ব), কম্পিউটার সেল | ঝিনাইদহ, মাগুরা, যশোর, মেহেরপুর, জামালপুর |
| ০৯. | জনাব আবুল কালাম আজাদ, সহকারী পরিচালক (প্রশাসন-১) | ভোলা, মৌলভীবাজার, হবিগঞ্জ, |
| ১০. | জনাব দেওয়ান নুরুল হুদা, সহকারী প্রকৌশলী (কাবিখা) | সিলেট, সুনামগঞ্জ, মাদারীপুর, ফরিদপুর , রাজবাড়ী |
| ১১. | জনাব মোঃ রবিউল ইসলাম, সহকারী প্রকৌশলী (মূওপ) | দিনাজপুর , কুড়িগ্রাম, নীলফামারী, ব্রাহ্মণবাড়িয়া |
| ১২. | জনাব মোঃ হাফিজুর রহমান, সহকারী পরিচালক (যানবাহন) | বাগেরহাট, গোপালগঞ্জ, খুলনা, সাতক্ষীরা, নেত্রকোনা |
| ১৩. | জনাব মোঃ মাহতাব উদ্দিন, সহকারী পরিচালক (প্রশাসন-১) | কুষ্টিয়া, সিরাজগঞ্জ, পাবনা, নাটোর, মানিকগঞ্জ |
| ১৪. | জনাব নিখিল কুমার সরকার, সহকারী পরিচালক (প্রশিক্ষণ) | ময়মনসিংহ, শেরপুর, নড়াইল, চুয়াডাংগা |
| ১৫. | জনাব মোঃ শামসুল আলম, সহকারী পরিচালক (অডিট ও বাজেট) | বান্দরবান, খাগড়াছড়ি, চাঁদপুর, লক্ষ্মীপুর, নোয়াখালী |

২. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ নিম্নোক্ত শর্তাবলী মোতাবেক দায়িত্ব পালন করবেনঃ

(ক) গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা), গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) ও ইজিপিপি কর্মসূচি এবং উন্নয়ন প্রকল্পের কাজসমূহ আগামী ৩০-০৬-২০২৩খ্রি. তারিখের মধ্যে পরিবীক্ষণ ও পরিদর্শন সম্পন্ন করবেন । সংশ্লিষ্ট জেলা ভ্রমণ সম্পন্ন করার পরবর্তী ০৭ (সাত) দিনের মধ্যে নির্ধারিত ছকে (অধিদপ্তরের ওয়েব সাইটে ফরম মেনুতে পাওয়া যাবে) পরিদর্শনকৃত প্রকল্পের ছবি ও মতামতসহ প্রতিবেদন পরিচালক (মূওপ), সংশ্লিষ্ট শাখা/ প্রকল্প এবং এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা এর বরাবরে দাখিল করবেন।

(খ) প্রতি জেলার কমপক্ষে ০৩ (তিন) টি উপজেলার কার্যক্রম পরিবীক্ষণ ও পরিদর্শন করতে হবে। প্রতি উপজেলায় কমপক্ষে ০৬ টি প্রকল্প (কাবিখা-২ টি, টিআর- ২ টি এবং ইজিপিপি- ২ টি) এবং উন্নয়ন প্রকল্প পরিবীক্ষণ ও পরিদর্শন করতে হবে। পরিবীক্ষণ ও পরিদর্শনকৃত প্রকল্পের প্রকল্প ছক পরীক্ষা/নিরীক্ষা করতে হবে।

৩. উপরে উল্লিখিত কর্মকর্তাগণের কার্যাবলী তদারকির জন্য অধিদপ্তরের নিম্নোক্ত পরিচালকগণকে দায়িত্ব প্রদান করা হলোঃ

| ক্রমিক | কর্মকর্তাদের নাম ও পদবী | দায়িত্বপ্রাপ্ত বিভাগের নাম |
|---|---|---|
| ১. | জনাব মোঃ আব্দুল্লাহ আল - মামুন (যুগ্ম সচিব), পরিচালক (প্রশাসন) | ঢাকা, খুলনা |
| ২. | জনাব মোঃ ফিরোজ উদ্দিন (যুগ্ম সচিব), পরিচালক ( পরিকল্পনা ও উন্নয়ন) | চট্টগ্রাম, রাজশাহী |
| ৩. | জনাব মোঃ নূরুল হক চৌধুরী (উপ সচিব), পরিচালক (ত্রাণ) | সিলেট, বরিশাল |
| ৪. | জনাব নিতাই চন্দ্র দে সরকার পরিচালক (এম আই এম) (চলতি দায়িত্ব) | রংপুর, ময়মনসিংহ |

**পরিচালকগণ নিম্নোক্ত দায়িত্ব পালন করবেনঃ**

(ক) পরিচালকগণ দায়িত্বপ্রাপ্ত বিভাগের জেলাধীন জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাদের সাথে গৃহীত প্রকল্পের বিষয়ে পর্যালোচনা এবং নমুনাভিত্তিক কিছু সংখ্যক প্রকল্প পরিবীক্ষণ ও পরিদর্শন করে মতামতসহ প্রতিবেদন মহাপরিচালক এবং এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা এর বরাবরে দাখিল করবেন।

(খ) পরিচালকগণ দায়িত্বপ্রাপ্ত বিভাগের অধীন নিয়োজিত কর্মকর্তাগণের পরিবীক্ষণ ও পরিদর্শন কাজ যথাযথভাবে তদারকি করবেন।

৪. তদারককারী ও পরিদর্শনকারী কর্মকর্তাগণ পরিবীক্ষণ ও পরিদর্শনের সময় নির্ধারিত ছকে সংশ্লিষ্ট জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার অফিস পরিদর্শন করে পরবর্তী ৭ (সাত) দিনের মধ্যে পরিচালক (মূওপ) বরাবরে প্রতিবেদন দাখিল করবেন।

৫. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ স্ব-স্ব নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট হতে ভ্রমণসূচি অনুমোদনপূর্বক পরিবীক্ষণ ও তদারকি কাজ সম্পাদন করবেন ।

৬. জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগণ গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) ও গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসুচি নির্দেশিকার ৯ (গ) (৫) নং অনুচ্ছেদ মোতাবেক প্রতি উপজেলায় গৃহিত মোট প্রকল্পের মধ্যে ন্যুনপক্ষে ১০% প্রকল্পের প্রাকজরিপ যাচাই, পরিবীক্ষণ ও কর্মোত্তর জরিপ গ্রহণ ও কমপক্ষে ১৫-২০% প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন নিয়মিতভাবে পরবর্তী মাসের ৭ (সাত) তারিখের মধ্যে পরিচালক (মূওপ) বরাবরে দাখিল করবেন।

৭. কর্মকর্তাগণ সরকারি ছুটির সাথে মিলিয়ে ভ্রমণ সূচি প্রণয়ন করবেন। এ সংক্রান্ত ভ্রমণ সরকারি দায়িত্ব হিসেবে গণ্য হবে এবং বিধি মোতাবেক ভ্রমণ ভাতা প্রাপ্য হবেন।

৮. জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগণ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে কারিগরী সহায়তা প্রদানের জন্য একজন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাগণকে দায়িত্ব প্রদান করবেন এবং তাদের আবাসন ও যানবাহনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৯. জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

(মোঃ মিজানুর রহমান)
মহাপরিচালক
ফোন: ০২-৫৮৮১৫৪৯৫
ই-মেইল: dg@ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০২২.০৫.০৪৩.১৮-০৩ তারিখ : ০২-০৩-২০২৩ খ্রি.।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার,ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ ।
৩। পরিচালক (কাবিখা/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশাসন/ গবেষণা ও প্রশিক্ষণ/মিম/ত্রাণ/মূওপ/ভিজিডি), অত্র অধিদপ্তর, ঢাকা।
৪। জেলা প্রশাসক, ........................................................................................................ (সকল)।
৫। উপ-পরিচালক/সহকারী পরিচালক/কমিউনিকেশন মিডিয়া স্পেশালিস্ট/সহকারী প্রকৌশলী,দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৬। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (অফিস আদেশটি ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৭। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
৮। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা,..................................................................................................(সকল)।
৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,............................................ জেলা............................................(সকল)।